

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
মন্ত্রীর দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[Phone: 88-02-9511066, Fax: 88-02-223357184, www.most.gov.bd]

প্রেস রিলিজ

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর এবং
শুদ্ধাচার পুরস্কার দিলেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী

ঢাকা, ২৮ জুন ২০২২;

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব এবং মন্ত্রণালয়স্বতন্ত্র সংস্থা প্রধানগণের মধ্যে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর এবং শুদ্ধাচার পুরস্কার অনুষ্ঠান আজ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। এতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তৃতায় মন্ত্রী বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার একটি অনন্য উদ্যোগ। এর মাধ্যমে সরকারি প্রতিষ্ঠানসমূহের বার্ষিক কর্মসম্পাদন কার্যক্রম গতিশীল হয়েছে। কর্মসম্পাদনের হার বেড়েছে এবং কাজকর্মে স্বচ্ছতা বেড়েছে। মন্ত্রী আরও বলেন, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বার্ষিক কর্মসম্পাদনে সবসময়ই এগিয়ে ছিল। আগামী অর্থবছরেও সে সাফল্য অব্যাহত থাকবে। সেই সাথে সম্পাদিত চুক্তি যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানান এবং করোনাকালীন সময়ে সকলের নিরাপত্তা বজায় রেখে দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের নির্দেশনা প্রদান করেন।

অনুষ্ঠানে মন্ত্রণালয়ের অধীনস্থ ৯টি সংস্থা প্রধানদের উপস্থিতিতে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। সংস্থার পক্ষ থেকে স্ব স্ব সংস্থা প্রধান চুক্তিতে স্বাক্ষর করেন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সিনিয়র সচিব জনাব জিয়াউল হাসান এনডিসি চুক্তিতে স্বাক্ষর করেন।

উল্লেখ্য, ২০২১-২২ শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংস্থার মধ্য হতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার-এর মহাপরিচালক জনাব মোঃ আব্দুর রাজ্জাক, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ তৌহিদ হাসানাত খান, অতিরিক্ত সচিব জনাব নিরঞ্জন দেবনাথ, প্রশাসনিক কর্মকর্তা জনাব এ.কে.এ. মমদেল হোসেন ও অফিস সহায়ক মোঃ মঞ্জুর হাসানকে পুরস্কার প্রদান করা হয়। পুরস্কার স্বরূপ হিসেবে তাদেরকে এক মাসের মূল বেতন, সম্মাননা স্মারক ও সনদ প্রদান করা হয়।

উক্ত অনুষ্ঠানে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়স্বতন্ত্র সংস্থার কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার

ফোন: ৯৫৪ ০৩৮৭ (অঃ)

মোবা: ০১৭১১-৮১৫৮৮১

E-mail: pro@most.gov.bd